

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০৮৬.১৮- ২৬৬

তারিখঃ ২০ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ  
২৬ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপকঃ  
জেলা প্রশাসক  
মানিকগঞ্জ।


বিষয়ঃ পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের পিএইচডি গবেষক এবং সরকারের প্রাক্তন যুগ্মসচিব মৃত গোলাম মোস্তাকীম এর গৃহীত অর্থ মওকুফের লক্ষ্যে **Write Off** করার জন্য মৃত্যু সনদ প্রেরণ প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত "System of Recruitment in Bangladesh Civil Service: A Study of its Problems and Prospects"-শীর্ষক শিরোনামে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় পিএইচডি গবেষণা পরিচালনা করার জন্য বিগত ১৮/১২/২০০৩ খ্রি: তারিখে গবেষক এবং সরকারের প্রাক্তন যুগ্মসচিব জনাব গোলাম মোস্তাকীম, গ্রাম: শেওতা, পোস্ট ও উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ এর সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী গবেষণার মেয়াদ ০৬ (ছয়) মাস বিধায় ১৭/০৬/২০০৪ খ্রি: তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়। গবেষক ইতঃপূর্বে চুক্তিনামা অনুযায়ী ০৩ কিস্তির মধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ২৪/০৫/২০০৪খ্রিঃ তারিখে মঞ্জুরিকৃত সর্বমোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা ১৬/০৬/২০০৪ খ্রিঃ তারিখে গ্রহণ করেছেন।

০২। গবেষণা কর্মের চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়ার জন্য গত ১৯/০৩/২০০৫, ২৮/০৮/২০০৫, ২৯/০৩/২০০৬ এবং ১৩/০৩/২০০৭ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা। তিনি কোন জবাব না দেয়ায় পরবর্তীতে ২৮/০৭/২০১৩ এবং ১২/০২/২০১৭ খ্রিঃ তারিখে গৃহীত অর্থ ফেরত দেয়ার জন্য পত্র প্রেরণ করা। এ সকল পত্রের কোন জবাব পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার জানিয়েছিলেন তিনি মারা গেছেন। তার গৃহীত অর্থ **Write Off** করার জন্য মৃত্যুর সনদপত্র আবশ্যিক। উল্লেখ্য তার মৃত্যুর সনদ প্রেরণের জন্য তাঁর স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলেও তা ফেরত আসে। সর্বশেষ পরিকল্পনা বিভাগের স্মারক নং- ২০.০০.০০০০.৩০৯.০২.০৮৬.১৮- ৯৮৮, তারিখঃ ২৫/০৯/২০১৮ খ্রিঃ এবং স্মারক নং-২০.০০.০০০০.৩০৯.০২.০৮৬.১৮- ০৯, তারিখঃ ০৭/০১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউ.এন.ও, সদর উপজেলা এর নিকট মৃত্যু সনদের জন্য পত্র প্রেরণ করা হলেও তার জবাব পাওয়া যায়নি। তিনি টেলিফোনে জানিয়েছেন যে, গবেষকের ঠিকানায় কাউকে পাওয়া যায়নি, তাই মৃত্যু সনদ প্রেরণ করা যাচ্ছে না। ফলে বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত গবেষকের গৃহীত অর্থ **Write Off** করার জন্য মৃত্যুর সনদসহ যোগাযোগের ঠিকানা এ পরিষদে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত  
  
২০/০৩/২০১৯  
(মো: লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা  
ফোনঃ ৯১৮০৭৯৭


ই-মেইলঃssrc.planningdivision@yahoo.com

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০৮৬.১৮- ২৬৬

তারিখঃ ২০ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ  
২৬ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত সচিব-৫, প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

  
২০/০৩/২০১৯  
(মো: লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা